তারিখ 27 AUG 1989
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

দৈনিক বাংলা

22

# মাদ্রাসা শিক্ষা যুগোপযোগী করার কর্মসূচী নেয়া হয়েছে ঃ দীদার

তথ্য প্রতিমন্ত্রী সৈয়দ দীদার বখত উন্নত ও আদর্শ সমাজ গঠনের জন্য আধুনিক শিক্ষার পাশাপাশি ধর্মীয় শিক্ষার প্রসারের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

তিনি বলেন, বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষাকে আধুনিকীকরণের মাধ্যমে একে যুগোপযোগী করে তোলার জন্য বাস্তবমুখী কর্মসূচী গ্রহণ করেছেন।

প্রতিমন্ত্রী শুক্রবার সাতক্ষীরা জেলার তালা উপজেলার সুভাষিনীতে হাজী মেহেরুল্যা সিনিয়র মাদ্রাসা ও এতিমখানার ভিত্তি প্রস্তর স্থাপন উপলক্ষে আয়োজিত এক সভায় একথা বলেন।

সাতক্ষীরা জেলা পরিষদের চেয়ারম্যান শেখ আবুল হোসেন এমপি ও জাতীয় সংসদ সদস্য জনাব হাবিবুর রহমান সভায় বক্তৃতা করেন। খবর তথ্য বিবরণীর।